**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 28-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## AAI Team meet with C.M :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কৈলাশহরে অবস্থিত পরিত্যক্ত বিমানবন্দরটি পরিচালনার বিষয়ে গতকাল এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন ।

এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া কর্তৃপক্ষের তরফে একটি প্রতিনিধি দল প্রয়োজনীয় সমীক্ষার জন্য কৈলাশহর বিমানবন্দর পরিদর্শন শেষে গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সাথে সাক্ষাত করেন। আধিকারিকগণ মুখ্যমন্ত্রীকে কৈলাশহর বিমানবন্দর চালু করা সম্পর্কে বিশদভাবে অবহিত করেন।

এই বৈঠকে উপস্থিত ছিলেন এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার উত্তর পূর্বাঞ্চলের আঞ্চলিক নির্বাহী অধিকর্তা রাজা কিশোর এবং আগরতলা এমবিবি এয়ারপোর্টের ডিরেক্টর কে সি মীনা।

*******************

**Padma Award Prez... :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল রাষ্ট্রপতি ভবনে এক অনুষ্ঠানে ২০২৫ সালের জন্য ৬৯ জন বিশিষ্ট ব্যক্তিত্বকে পদ্ম সম্মান প্রদান করেছেন। এদের মধ্যে তিনজন পদ্ম বিভূষণে, ৯ জন পদ্ম ভূষণে এবং ৫৭ জন পদ্ম শ্রী সম্মানে ভূষিত হয়েছেন।

********************

**Press Meet-Special Secretary Higher Education :**

রাজ্যের সাধারণ ডিগ্রি কলেজগুলিতে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। এবছর 'সমর্থ' পোর্টালের মাধ্যমে অনলাইনে ভর্তি প্রক্রিয়া গত ২৩শে মে থেকে শুরু হয়েছে। প্রথম রাউন্ডের এই ভর্তি প্রক্রিয়া চলবে আগামী ৩০শে মে পর্যন্ত। ১১ই জুন প্রথম রাউন্ডের মেধা তালিকা সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটে প্রকাশিত হবে। গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে উচ্চ শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার এখবর জানান তিনি জানান, দ্বিতীয় রাউন্ডের ভর্তি প্রক্রিয়া ২১শে জুন থেকে ২৫শে জুন পর্যন্ত চলবে। তিনি জানান, এবছর একজন শিক্ষার্থী সর্বোচ্চ ৪টি কলেজে ভর্তির আবেদন করতে পারবে।

বিশেষ সচিব জানান, এই শিক্ষাবর্ষে আমবাসা, করবুক ও কাকড়াবনে ৩টি নতুন সাধারণ ডিগ্রি কলেজ চালু করা হবে|

********************

**TBJEE Result :**

ত্রিপুরা বোর্ড অব জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনের ফলাফল গতকাল  প্রকাশিত হয়েছে। আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বোর্ডের চেয়ারম্যান ডঃ শুভদীপ পাল ফলাফল ঘোষণা করেন| বোর্ডের সচিব ড: পৃথ্বিজ্যোতি ভৌমিক জানান, পি.সি.এম. গ্রুপে ১,৯৮৯ জন এবং পি.সি.বি. গ্রুপে ৪,৩৩২ জন পরীক্ষায় বসে। এই পরীক্ষায় উন্নীত ছাত্রছাত্রীরা রাজ্য এবং বহিরাজ্যের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ১ হাজার ৫00-এর মতো বিভিন্ন আসনে ভর্তি হতে পারবে। ফলাফল বোর্ডের ওয়েবসাইটে ছাত্রছাত্রীরা দেখতে পারবে।

**********************

**Mata Manmohan Mahadev Mandir-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল ডুকলী ব্লকের অধীন মলয়নগর রবিপাড়ায় শান্তিকালী আশ্রম পরিচালিত মাতা মনমোহন দেবীর মন্দিরের দ্বারোদ্ঘাটন করেন| উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, পদ্মশ্রী চিত্তরঞ্জন মহারাজ, শান্তিকালী আশ্রমের কার্যকরী সভাপতি তথা ভাগবত কথাবাচক দেবকিনন্দন ঠাকুর মহারাজ প্রমুখ|

***********************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষিকাজের মাধ্যমে আরও বেশি করে ফসল উৎপাদনের জন্য রাজ্য সরকার ভর্তুকী মূল্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি কৃষকদের মধ্যে বিতরণ করছে। গতকাল অমরপুরে কৃষি মহকুমা অফিসের নতুন দ্বিতল ভবন উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। কৃষিমন্ত্রী নতুনবাজারে মার্কেট শেড এবং রুরাল মার্কেট শেড নির্মাণেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, বিএসি'র চেয়ারম্যান রবিত্র জমাতিয়া প্রমুখ।

**********************

**NEP, 2020 :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন, জাতীয় শিক্ষা নীতি ২০২০ দেশের ঐতিহ্যবাহী মূল্যবোধ সংরক্ষণের পাশাপাশি ভবিষ্যতের শিক্ষার জন্য তাৎপর্যপূর্ণ। নতুনদিল্লিতে মিডিয়া নেটওয়ার্কের শিক্ষা সম্মেলনে গতকাল এক বক্তৃতায় শিক্ষামন্ত্রী বলেন, জাতীয় শিক্ষা নীতি একটি দূরদর্শী কাঠামো হিসেবে

আবির্ভূত হয়েছে, যা ভারতে শিক্ষার ভবিষ্যৎ গঠন করবে। তিনি আরও বলেন, ভারত শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, পরিকাঠামো, অন্তর্ভুক্তি এবং আধুনিকীকরণের উপর জোর দেওয়া হয়েছে।

*******************

**Krishi Sankalp :**

গোটা দেশের সঙ্গে ঊনকোটি জেলাতেও আসন্ন "বিকশিত কৃষি সংকল্প অভিযান"কে সফল করতে প্রস্তুতি চলছে। আগামী ২৯শে মে থেকে ১২ই জুন পর্যন্ত এই অভিযান চলবে। এই উপলক্ষ্যে গতকাল কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে এক বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়। পক্ষকালব্যাপী এই অভিযানে ঊনকোটি জেলায় তিনটি দল প্রচারাভিযানে অংশ নেবে। জেলার ৯৪টি পঞ্চায়েত ও ভিলেজে বিশেষ প্রচার চালানো হবে।

**********************

**DRUGS :**

নেশার বিরুদ্ধে অভিযানে গতকাল অমরপুর-উদয়পুর সড়কে একটি মোটর বাইক থেকে কুড়ি গ্রাম ব্রাউন সুগার সহ একজনকে আটক করে পুলিশের একটি

দল | গোপন খবরের ভিত্তিতে এই অভিযান চালানো হয়। মোটর বাইক আরোহী আরো এক যুবক পালিয়ে যায় |

******************

## JC CRICKET :

টিসিএ পরিচালিত জেসি মেমোরিয়াল লিগ ক্রিকেট প্রতিযোগিতা খেলা গতকাল থেকে শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে স্ফুলিঙ্গ ক্লাবের বিরুদ্ধে তিনদিনের ম্যাচে ব্যাট করতে নেমে ব্লাডমাউথ ক্লাব প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৯ উইকেট হারিয়ে ২৪৯ রান করে। এদিকে, এম বি বি স্টেডিয়ামে অপর খেলায় সংহতি ক্লাবের বিরুদ্ধে তিনদিনের ম্যাচে ইউনাইটেড ফ্রেন্ডস প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ৯৭ রান করে।

***********************

## Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। রাজ্যের সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার কোথাও কোথাও ভারি বৃষ্টিপাতের সতর্কবার্তা রয়েছে।। আগরতলায় আজ

ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।

*********************

*****************